"দেশ প্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

# বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন

চিনিশিল্প ভবন, ৩ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

সূত্র নং: এসএফ/সংস্থাপন/সরাসরি শিক্ষক নিয়োগ-২০১৬/৬১/৪২৯

তারিখ: ২৭ শ্রাবণ, ১৪২৩
১১ আগস্ট, ২০১৬

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের অধীনস্থ সুগার মিলস্ উচ্চ বিদ্যালয় সমূহের জন্য নিম্নবর্ণিত শূন্যপদে শিক্ষক নিয়োগের লক্ষে নিম্নোক্ত শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা সম্পন্ন এবং NTRCAএর নিকট সংশ্লিষ্ট বিষয়ে নিবন্ধিত অথবা এমপিওভুক্ত/ইনডেক্সধারী প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে :-

| ক্র. নং | পদের নাম | বেতন স্কেল | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১। | প্রধান শিক্ষক (পসুমি,ঠাসুমি,নাসুমি ও কেরু এর জন্য) | ২৯০০০-৬৩৪১০/- (গ্রেড-০৭) | ০৪ টি | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/স্নাতকত্তোর ডিগ্রিসহ বি,এড/ এমএড ডিগ্রি। মাধ্যমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক হিসেবে শিক্ষকতায় ১২ বৎসরের নিরবিচ্ছিন্ন বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষা জীবনে একটি তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ গ্রহণযোগ্য। |
| ০২। | সহকারি প্রধান শিক্ষক (পসুমি,ঠাসুমি,নাসুমি,নবেসুমি, কেরু, মোসুমি ও জিবাসুমি এর জন্য) | ২৩০০০-৫৫৪৭০/- (গ্রেড-০৮) | ০৭টি | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/ স্নাতকোত্তর ডিগ্রিসহ বিএড/এমএড এবং মাধ্যমিক বিদ্যালয়ে সহকারি শিক্ষক হিসেবে নিরবচ্ছিন্নভাবে ১০(দশ)বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৩। | ক) সহকারি শিক্ষক (বাংলা) (সেসুমি,জসুমি,নবেসুমি ও কেরুএর জন্য)<br>খ) সহকারি শিক্ষক (ইংরেজি) (সেসুমি,নাসুমি,রাসুমি ও কেরু এর জন্য)<br>গ) সহকারি শিক্ষক (গণিত) (রাসুমি ও জসুমি এর জন্য)<br>ঘ) সহকারি শিক্ষক (সাধারণ বিজ্ঞান) (সেসুমি,নাসুমি ও কেরু এর জন্য)<br>ঙ) সহকারি শিক্ষক (জীব বিজ্ঞান) (নবেসুমি এর জন্য)<br>চ) সহকারি শিক্ষক (পদার্থ ও রসায়ন) (নবেসুমি এর জন্য)<br>ছ) সহকারি শিক্ষক (সমাজিক বিজ্ঞান) (রাসুমি ও নবেসুমি এর জন্য)<br>ঝ) সহকারি শিক্ষক (ভূগোল) (কেরুএর জন্য) | ক) প্রশিক্ষণপ্রাপ্ত-বেতন স্কেল: টাকা ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০)<br>খ) প্রশিক্ষণবিহীন- বেতন স্কেল: টাকা ১২৫০০-৩০২৩০ (গ্রেড-১১) | -০৪ টি<br>-০৪ টি<br>-০২ টি<br>-০৩ টি<br>-০১ টি<br>-০১ টি<br>-০২ টি<br>-০১ টি | ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক পর্যায়ে ৩০০ নম্বরসহ স্নাতক ডিগ্রী/সমমান এবং বি,এড /সমমান ডিগ্রি<br>অথবা<br>খ) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক পর্যায়ে ৩০০ নম্বরসহ স্নাতক ডিগ্রী/সমমান। (তবে অধিকতর যোগ্যতা অর্থাৎ সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রীধারীদের অগ্রাধিকার প্রদান করা হবে)<br>( সমগ্র শিক্ষা জীবনে একটি তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে।) প্রার্থীকে অবশ্যই বিষয় ভিত্তিক নিবন্ধিত থাকতে হবে। |
| ০৪। | সহকারি শিক্ষক (কৃষি) (নাসুমি , কেরু ও মোসুমি এর জন্য) | বেতন স্কেল: টাকা ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) | ০৩ টি | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নিম্নের যে কোন ১টি ডিগ্রি/সমমান ডিগ্রি থাকতে হবে ঃ<br>ক) বিএসসি(পাস/সম্মান) (কৃষি/কৃষি অর্থনীতি/মৎস্য/ পশুপালন/ কৃষি প্রকৌশল/ উদ্ভিদবিদ্যা/ প্রাণিবিদ্যা/ মৃত্তিকাবিজ্ঞান/ ডিভিএম)<br>অথবা<br>কৃষি ডিপ্লোমা/সমমান (সমগ্র শিক্ষা জীবনে একটি তৃতীয় বিভাগ/শ্রেণি/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য।) |
| ০৫। | সহকারি শিক্ষক (শরীর চর্চা) (জিবাসুমি এর জন্য) | ক) বেতন স্কেল: টাকা ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০)<br>খ) বেতন স্কেল: টাকা ১২৫০০-৩০২৩০ (গ্রেড-১১) | ০১ টি | ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী/সমমান ও বি,পি,এড ডিগ্রি<br>অথবা<br>খ) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী/সমমান ও জুনিয়র ফিজিক্যাল ডিপ্লোমা।<br>(সমগ্র শিক্ষা জীবনে একটি তৃতীয় বিভাগ/শ্রেণি/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে।) |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬। | সহকারি শিক্ষক (কম্পিউটার) (জসুমি ও নাসুমি এর জন্য) | বেতন স্কেল: টাকা ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) | ০২ টি | কম্পিউটার বিজ্ঞান/ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং এ স্নাতক/সমমান<br>অথবা<br>বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ০৩/০৪ বছর মেয়াদি ডিপ্লোমা ইন কম্পিউটার সায়েন্স ডিগ্রি।<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমান এবং সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে কম্পিউটার বিষয়ে ন্যূনতম ৬ (ছয়) মাসের প্রশিক্ষণ।<br>বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান সম্পর্কিত নির্দেশিকার অনুচ্ছেদ ১১(১৭) মোতাবেক প্রশিক্ষণ থাকতে হবে।<br>সমগ্র শিক্ষা জীবনে যেকোন ১টি ৩য় শ্রেণি/ সমমান গ্রহণযোগ্য হবে। |
| ০৭। | সহকারি শিক্ষক (মৌলভি) (কেরুএর জন্য) | ক) বেতন স্কেল: টাকা ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০)<br>খ) বেতন স্কেল: টাকা ১২৫০০-৩০২৩০ (গ্রেড-১১) | ০১ টি | ক) কামিল/সমমান ডিগ্রিসহ শিক্ষা জীবনে একটি তৃতীয় বিভাগ ছাড়া সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/ শ্রেণি/ সমমানের গ্রেড পয়েন্ট থাকতে হবে। অথবা ২য় শ্রেণির বিএড প্রশিক্ষণসহ ফাজিল/সমমান ডিগ্রি<br>অথবা<br>খ) ফাজিল ডিগ্রিসহ শিক্ষা জীবনে একটি তৃতীয় বিভাগ ছাড়া সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ /শ্রেণি/ সমমানের গ্রেড পয়েন্ট থাকতে হবে। |
| ০৮। | সহকারি শিক্ষক (প্রাথমিক শাখা) (নিবন্ধন/ইনডেক্স এর শর্ত প্রযোজ্য নয়।) (রসুমি ও কুসুমি ব্যতিত সকল সুগার মিলের এর জন্য) | ক) প্রশিক্ষণপ্রাপ্ত- বেতন স্কেল: টাকা ১০২০০-২৪৬৮০ (গ্রেড-১৪)<br>খ) প্রশিক্ষণবিহীন- বেতন স্কেল: টাকা ৯৭০০-২৩৪৯০ (গ্রেড-১৫) | ২৯টি | পুরুষ প্রার্থীর ক্ষেত্রে ঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/ শ্রেণি/সমমানের জিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>মহিলা প্রার্থীর ক্ষেত্রে ঃ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/সমমানের জিপিএসহ উত্তীর্ণ অথবা স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

আবেদনের শর্তাবলী ঃ

(১) দরখাস্তে প্রার্থীর নাম, পিতার নাম,মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা,জাতীয়তা,জন্ম তারিখ, ৩১-৭-২০১৬ তারিখে বয়স,শিক্ষাগত যোগ্যতা,অভিজ্ঞতা (যদি থাকে), ইত্যাদি উল্লেখ থাকতে হবে।

(২) দরখাস্ত আগামী ৩০-০৮-২০১৬ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে **চীফ অব পারসোনেল, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন, "চিনিশিল্প ভবন" (৬ষ্ঠ তলা),৩, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০** এর দপ্তরে পৌঁছাতে হবে। **খামের উপরের অংশে আবেদনকৃত পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।**

(৩) দরখাস্তের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত ছবি, অভিজ্ঞতার সনদপত্র, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি করপোরেশনের কাউন্সিলর এর নিকট হতে নাগরিকত্বের সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদের মূলকপি দাখিল করতে হবে।

(৪) প্রার্থীর বয়সসীমা ৩১-০৭-২০১৬ তারিখে ১৮ (আঠার) হতে ৩০(ত্রিশ) বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকৃত (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যার) প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর, এক্ষেত্রে দরখাস্তের সাথে মুক্তিযোদ্ধার সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে এবং **আবেদনপত্রে মুক্তিযোদ্ধা কোটার প্রার্থী হিসেবে উল্লেখ থাকতে হবে। ০১ ও ০২নং ক্রমিকের পদের জন্য বয়সসীমা ৪৫বৎসর পর্যন্ত শিথিলযোগ। অন্যান্য পদের ক্ষেত্রে এমপিওভুক্ত/ইনডেক্সধারী/নিবন্ধিত এবং অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে ও বয়সসীমা শিথিলযোগ্য।**

(৫) **(ক) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীর সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সন্তানের পিতা/মাতা অথবা পিতা/মাতার পিতা/মাতা এর মুক্তিযোদ্ধা সনদপত্র,মুক্তিবার্তা এবং গেজেটের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;**
(খ) প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/সিটি করপোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;

(৬) অন্যান্য সকল কোটার ক্ষেত্রে সরকারি নিয়মনীতি অনুসরণ করা হবে এবং কোটা দাবির ক্ষেত্রে সরকারি নিয়মানুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে হবে।

(৭) দরখাস্তের সাথে "বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন" এর অনুকূলে যেকোন সিডিউল ব্যাংক থেকে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।

(৮) উপর্যুক্ত শর্তাবলীর কোন ব্যত্যয় ঘটলে বা আবেদনপত্র অসম্পূর্ণ থাকলে অথবা বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(৯) সাক্ষাৎকার বা লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

(১০) কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি সংশোধন/পরিবর্তন/পরিবর্ধন এবং বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

(১১) এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ করতে কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

(মোঃ বাহার উদ্দিন)
মহাব্যবস্থাপক (সংস্থাপন)